

# প্রতিদিনের সংবাদ

www.protidinersangbad.com

রংপুরে স্থানীয় সরকারমন্ত্রী

## আধুনিক নাগরিক সুযোগ-সুবিধা পাবে রংপুরবাসী

প্রকাশ : ০৬ জুলাই ২০১৯, ১৬:১১ | আপডেট : ০৬ জুলাই ২০১৯, ১৬:৫৮  
রংপুর ব্যুরো

92Shares



স্থানীয় সরকারমন্ত্রী মো: তাজুল ইসলাম বলেছেন, সরকার দেশের সকল এলাকার সুখম উন্নয়ন করতে দৃঢ় প্রতিজ্ঞ। শনিবার সকাল সাড়ে ১০ টায় রংপুর নগরীর কেন্দ্রস্থলে নির্মাণাধীণ রংপুর কেন্দ্রীয় সমবায় ব্যাংক শপিং কমপ্লেক্স পরিদর্শনকালে তিনি একথা বলেন।

মন্ত্রী আরও বলেন, রংপুরে যেসব সুযোগ-সুবিধা দেওয়া দরকার সেসব সুবিধা বাস্তবায়ন করা হবে। এদেশের পল্লী এলাকার মানুষের ভাগ্যের পরিবর্তনের জন্য একটি মাইল ফলক হিসেবে কাজ করছে সরকার। এসময় তার সঙ্গে ছিলেন পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী স্বপন ভট্টাচার্য্য এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব কামাল উদ্দিন তালুকদার। প্রায় ২২ কোটি টাকা ব্যয়ে এই শপিং কমপ্লেক্সটি নির্মিত হচ্ছে।

এরপর বেলা সাড়ে ১১ টায় পীরগঞ্জের ফতেহপুরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বামী আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন পরমাণু বিজ্ঞানী প্রয়াত ড. এম এ ওয়াজেদ মিয়ার কবরে পুষ্পমাল্য দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করেন ও তার কবর জিয়ারত করেন তিনি। এর আগে মন্ত্রী রংপুরের তারাগঞ্জে নির্মাণাধীন পল্লী উন্নয়ন একাডেমি ভবন পরিদর্শন করেন। এটি একশো ১১ কোটি টাকা ব্যয়ে নির্মাণ করা হচ্ছে। মন্ত্রী রংপুর জেলা গংগাচড়ায় নির্মাণাধীন গৃহায়ন প্রকল্প পল্লী জনপদও পরিদর্শন করেন। এ গৃহায়ন প্রকল্পে ২৭২ টি ফ্ল্যাট তৈরি হচ্ছে।

মন্ত্রী আরো বলেন, কৃষি জমি অপচয় রোধ, গ্রামীণ জনগোষ্ঠীর আধুনিক নাগরিক সুযোগ-সুবিধা সম্বলিত উন্নত আবাসনের সুযোগ সৃষ্টি ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করাই এই প্রকল্পের মূল উদ্দেশ্য। এ প্রকল্পটি দেশের ৭টি বিভাগের প্রতিটিতে একটি করে মোট ৭টি এলাকায় (রংপুর, গোপালগঞ্জ, বগুড়া, খুলনা, সিলেট, চট্টগ্রাম ও বরিশাল) বাস্তবায়িত হচ্ছে।

এসময় আরও উপস্থিত ছিলেন, রংপুর সিটি কর্পোরেশন মেয়র মোস্তাফিজুর রহমান মোস্তাফা, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী মো: সাইফুর রহমান, এলজিইডি প্রধান প্রকৌশলী মো: খলিলুর রহমান, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর রংপুর সার্কেল এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো: বাহার উদ্দিন মৃধা, রংপুর জেলা প্রসাশক আসিব আহসান প্রমুখ।

সূত্রে জানা যায়, বাংলাদেশ সরকারের অর্থায়নে অক্টোবর- ২০১৪ হতে সেপ্টেম্বর- ২০১৮ মেয়াদী প্রকল্পটি চলমান রয়েছে। প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অগ্রাধিকারমূলক প্রকল্প। উত্তর-পশ্চিম অঞ্চলের (গাইবান্ধা, রংপুর, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, নীলফামারী, কুড়িগ্রাম ও লালমনিরহাট) গ্রামীণ জনগোষ্ঠীকে দক্ষ জনশক্তিতে রূপান্তরের মাধ্যমে উন্নয়নের মূল স্রোতধারায় সম্পৃক্ত করে তাদের দারিদ্র বিমোচন করার নিমিত্তে আরডিএ, বগুড়া'র অধীনে রংপুরের তারাগঞ্জে এই পল্লী একাডেমি।

উল্লেখ্য, ১০ম জাতীয় সংসদে মাননীয় প্রধানমন্ত্রী আরডিএ, বগুড়া'র মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সংবলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট পল্লী জনপদ বাস্তবায়নের প্রতিশ্রুতি দেন।

পরে মন্ত্রী রংপুর হতে পল্লী উন্নয়ন একাডেমি বগুড়া'য় আসেন। প্রথমেই মন্ত্রী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরালে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। এরপর বগুড়া একাডেমিতে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন আরডিএ, বগুড়া'র মহাপরিচালক মোঃ আমিনুল ইসলাম “আমার গ্রাম আমার শহর” বিষয়ক গবেষণা পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করেন। উপস্থাপনায় গবেষণায় অন্তর্ভুক্ত ১৭টি সেক্টর যথাক্রমে গ্রামীণ যোগাযোগ ব্যবস্থা, গ্রামীণ নিরাপদ পানি ব্যবস্থা, গ্রামীণ জ্বালানি ও বিদ্যুৎ ব্যবস্থা, গ্রামীণ তথ্য ও যোগাযোগ ব্যবস্থা, গ্রামীণ বাসস্থান, সেনিটেশন ও বর্জ্য ব্যবস্থাপনা, গ্রামীণ শিক্ষা ব্যবস্থা, গ্রামীণ স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা, গ্রামীণ জনগোষ্ঠীর আর্থিক সেবা খাতে অন্তর্ভুক্তি, গ্রামীণ সামাজিক প্রতিষ্ঠান ও নাগরিক পরিষেবা, গ্রামীণ উদ্যোক্তা উন্নয়ন ও কর্মসংস্থান, গ্রামীণ বাজার ব্যবস্থা, গ্রামীণ নিরাপত্তা ও বিচার ব্যবস্থা, গ্রামীণ সামাজিক নিরাপত্তা, গ্রামীণ দূর্যোগ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা, গ্রামীণ শিশু ও নারী উন্নয়ন, গ্রামীণ মানব সম্পদ উন্নয়ন, গ্রামীণ যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ে পর্যালোচনার প্রতিবেদন উপস্থাপন করেন।

এছাড়াও বগুড়ায় এলজিইডি, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের রংপুর ও রাজশাহী বিভাগের সকল জেলার কর্মকর্তাদের সাথে মতবিনিময়, উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সভা করেন।

এ সময় উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমির সকল সদস্যবৃন্দ।

পিডিএসও/রি.মা

<http://www.protidinersangbad.com/whole-country/179082/%E0%A6%86%E0%A6%A7%E0%A7%81%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%95-%E0%A6%A8%E0%A6%BE%E0%A6%97%E0%A6%B0%E0%A6%BF%E0%A6%95-%E0%A6%B8%E0%A7%81%E0%A6%AF%E0%A7%8B%E0%A6%97-%E0%A6%B8%E0%A7%81%E0%A6%AC%E0%A6%BF%E0%A6%A7%E0%A6%BE-%E0%A6%AA%E0%A6%BE%E0%A6%AC%E0%A7%87-%E0%A6%B0%E0%A6%82%E0%A6%AA%E0%A7%81%E0%A6%B0%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%B8%E0%A7%80>